২৯৭


দৈনিক ইত্তেফাক

তারিখ ... AUG ৩০ 1999 ...
পৃষ্ঠা ১০ কলাম ৪......


## বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন

বুয়েটের ভিসি অধ্যাপক ডঃ নূর-উদ্দীন আহমদ দেশের সার্বিক উন্নয়নের স্বার্থে গবেষণা খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করিয়াছেন। তিনি গত শুক্রবার বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন কর্তৃক বুয়েট পুরকৌশল ভবনে আয়োজিত "একবিংশ শতাব্দীতে বাংলাদেশে উচ্চ শিক্ষা ও গবেষণা : বিশ্ববিদ্যালয়সমূহের ভূমিকা" শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির ভাষণ দিতেছিলেন। ফেডারেশনের সভাপতি অধ্যাপক জসীম উদ্দিন আহমদের সভাপতিত্বে এই সেমিনারে বিশেষ অতিথি ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আলাউদ্দিন আহমেদ এবং মূল নিবন্ধ উপস্থাপন করেন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক ডঃ ইকবাল মাহমুদ।